গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শ্রম কল্যাণ কেন্দ্র, চিকনাগুল, জৈন্তাপুর, সিলেট।
lwcshiknagul.jaintiapur.sylhet.gov.bd

স্মারকনং- ৪০.০২.০০০০.৪২৮.১৬.৬৬.২০১৬- ৭৮ তারিখ : ১৩/১০/২০২৫ খ্রি.

**বিষয়: ০৩/০৭/২০২৫খ্রি. তারিখে শ্রম অধিদপ্তরে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

| ক্রম | আলোচ্য সচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১) | **বিভিন্ন পত্রালাপ, ছুটি ভোগ ও হার্ড কপি প্রেরণ সংক্রান্তঃ**<br>ক) শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সহিত মাঠ পর্যায়ের দপ্তরসমূহ বিভিন্ন বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ করার বিষয়ে আলোচনা হয়।<br>খ) শ্রম অধিদপ্তরে যে সকল আবেদন পত্র এ দপ্তরে প্রেরণ করা হয়। সে সকল আবেদন পত্র নিষ্পত্তির লক্ষ্যে হার্ড কপির প্রয়োজন হয়। ডি-নথিতে পত্র প্রেরণের সাথে সাথে দ্রুত সময়ে হার্ড কপি এ দপ্তরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>গ) শ্রম অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সকল কর্মকর্তা / কর্মচারী নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করার বিষয়ে আলোচনা হয়। | ক) শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সহিত মাঠ পর্যায়ের দপ্তরসমূহ-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ করতে হবে।<br>খ) শ্রম অধিদপ্তরে ডি-নথিতে পত্র প্রেরণের সাথে সাথে দ্রুত সময়ের মধ্যে হার্ড কপি প্রধান কার্যালয়ের প্রেরণ করতে হবে।<br>গ) সকল কর্মকর্তা কর্মচারীগণ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করতে হবে। | ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ করা হয়।<br>খ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি প্রেরণ করা হয়।<br>গ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমোদন স্বাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করা হয়। |
| ২। | শ্রম অধিদপ্তরের জমির সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মোট জমির পরিমান কতটি এর মধ্যে কতটি জমির নামজারী করা হয়েছে এবং কতটি জমির নামজারী হয় নাই সে বিষয়ে আলোচনা হয়। | শ্রম অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মোট জমির পরিমান কতটি এর মধ্যে কতটি জমির নামজারী করা হয়েছে এবং কতটি জমির নামজারী হয় নাই। তা 'ছক' আকারে প্রস্তুত করতে হবে। | মোট জমির পরিমাণঃ ১.৫০ একর<br>( দেড় একর )<br>অত্র শ্রম কল্যাণ কেন্দ্রের ভূমি এম আহমেদ কোঃলিঃ,(খাঁনচা বাগান), চিকনাগুল,জৈন্তাপুর, সিলেট এর অর্ন্তভূক্ত হওয়ায় শ্রম কল্যাণ কেন্দ্রটি প্রতিষ্ঠা হওয়ার পর হতে অদ্যাবধি পর্যন্ত জমির খাজনা এম আহমেদ কোঃ লিঃ (খাঁন চা বাগান) পরিশোধ করে আসছেন এ ব্যাপারে খাঁন চা বাগান কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে জমির খাজনা হালনাগাদ ও পরিশোধিত আছে বলে মৌখিক ভাবে জানান। শ্রম অধিদপ্তরের নির্দেশ মোতাবেক নামজারীর ব্যাপারে সহকারী কমিশনার (ভূমি) জৈন্তাপুর, সিলেট কার্যালয়ে যোগাযোগ করা হলে ভূমি হস্তান্তর সংক্রান্ত রেকর্ড পত্র / প্রয়োজনীয় কাগজ পত্রাদি দাখিল করতে বলেন কিন্তু এম আহমদ কোম্পানি লিঃ এর সাথে একাধিকবার যোগাযোগ করা হলেও এসংক্রান্ত কোন দলিল দস্তাবেজ বা কোন প্রকার রেকর্ড পত্র হদিস নেই বলে অপারগতা প্রকাশ করেন যাহা সময়ে সময়ে শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়কে দাপ্তরিকভাবে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। |
| ৩। | **শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদঃ**<br>শ্রম অধিদপ্তরাধীন সকল দপ্তরের তথ্য ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয় না। নিয়মিত ওয়েবসাইটে তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | শ্রম অধিদপ্তরাধীন সকল দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ ওয়েবসাইটে আপলোড করেতে হবে। | এ দপ্তরের ওয়েবসাইট হালনাগাদকৃত। |
| ৪। | শ্রম অধিদপ্তরের বাজেট সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তরের অনুকূলে সকল দপ্তরের বাজেট বরাদ্দ ও ব্যয় বাস্তবায়ন সংক্রান্ত এবং ব্যয়ের গুরুত্বপূর্ণ বিভিন্ন অর্থনৈতিক গুপ কোডের অনুকূলে বরাদ্দ, ব্যয় ও অবশিষ্ট বরাদ্দ 'ছক' আকারে পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। | শ্রম অধিদপ্তরের অনুকূলে সকল দপ্তরের বাজেটের বিভিন্ন অর্থনৈতিক গুপ কোডের অনুকূলে বরাদ্দ, ব্যয় ও অবশিষ্ট বরাদ্দ 'ছক' আকারে পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ছক সংযুক্ত |
| ৫। | অডিট আপত্তি সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ও অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রস্তুত ও বাজেট সংক্রান্ত অন্যান্য কার্যক্রমে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের হিসাব শাখার সহিত সার্বক্ষণিক যোগাযোগ রাখার আলোচনা করা হয়। | শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সচেষ্ট রাখা হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রস্তুত ও অন্যান্য কার্যক্রমে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের হিসাব শাখার সহিত সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে। | অডিট আপত্তি নেই |

| | | | |
|---|---|---|---|
| ৬। | **ট্রেড ইউনিয়ন, সংক্রান্তঃ**<br>ক) শ্রম অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে আইনানুগ প্রক্রিয়া অবলম্বন সম্পর্কিত আলোচনা।<br><br>খ) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং সংশ্লিষ্ট গেজেট অনুসরণ করা সংক্রান্ত আলোচনা।<br><br>গ) রেজিস্ট্রেশনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সতর্কতামূলক ভাবে ব্যবস্থা গ্রহণ করা এবং SOP অনুসরণ করা, প্রাপ্ত রেজিস্ট্রেশনের আবেদন নথিজাত, প্রত্যাখান ইত্যাদি বিষয়ে 'ছক' আকারে পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। | ক) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে আইনানুগ প্রক্রিয়া অবলম্বন করতে হবে।<br><br>খ) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং সংশ্লিষ্ট গেজেট অনুসরণ করতে হবে।<br>গ) রেজিস্ট্রেশনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সতর্কতামূলক ভাবে ব্যবস্থা গ্রহণ করা এবং SOP অনুসরণ করা, প্রাপ্ত রেজিস্ট্রেশনের আবেদন, রেজিস্ট্রেশন প্রদান নথিজাত, প্রত্যাখান ইত্যাদি বিষয়ে 'ছক' আকারে পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | **প্রযোজ্য নয়** |
| ৭। | **বিভিন্ন বিজ্ঞ আদালতে শ্রম অধিদপ্তরের মামলা সংক্রান্তঃ**<br>শ্রম অধিদপ্তরের ৩১/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বিভিন্ন বিজ্ঞ আদালতে মামলা সমুহের বিষয়ে আলোচনা হয় । | গত ৩১/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বিভিন্ন বিজ্ঞ আদালতে শ্রম অধিদপ্তরের মামলা সমুহের হালনাগাত তথ্য উপস্থাপন করতে হবে। | প্রযোজ্য নয় |
| ৮। | অংশগ্রহণকারী কমিটি সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের জুলাই ২০২২- জুন ২০২৫ পর্যন্ত অংশগ্রহণকারী কমিটি গঠনের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির বিস্তারিত তথ্য উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | আলোচনার প্রেক্ষিতে পরবর্তী সভায় ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছর এর অংশগ্রহণকারী কমিটি গঠনের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির বিস্তারিত তথ্যের সামারী/ সারসংক্ষেপ দিতে হবে। | প্রযোজ্য নয় |
| ৯। | সালিসী কার্যক্রম সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের জুলাই ২০২২- জুন ২০২৫ পর্যন্ত সালিসী কার্যক্রম এর বিস্তারিত তথ্য উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | পরবর্তী সভায় ২০২২-২০২৩,২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছর এর সালিসী কার্যক্রম এর বিস্তারিত তথ্যের সামারী / সারসংক্ষেপ দিতে হবে। | প্রযোজ্য নয় |
| ১০ | অংশগ্রহণকারী কমিটি সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের জুলাই ২০২২- জুন ২০২৫ পর্যন্ত অংশগ্রহণকারী কমিটি গঠনের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির বিস্তারিত তথ্য উপস্থাপন এবং আলোচনা করা হয়। | আলোচনার প্রেক্ষিতে পরবর্তী সভায় ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছর এর অংশগ্রহণকারী কমিটি গঠনের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির বিস্তারিত তথ্যের সামারী / সারসংক্ষেপ দিতে হবে। | প্রযোজ্য নয় |
| ১১ | ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রের সেবা সংক্রান্তঃ<br>শ্রম অধিদপ্তরের ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রের সেবা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রের সেবা সংক্রান্ত হালনাগাদ তথ্য অর্থবছর অনুযায়ী নির্দিষ্ট ছকে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের সকল কার্যক্রম প্রশাসন শাখার সাথে সমন্বয় করে মেডিক্যাল শাখা হতে তত্ত্বাবধান হবে মর্মে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন; এরই প্রেক্ষিতে ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য 'ছক' মোতাবেক উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২। | **ডি-নথি কার্যক্রম সংক্রান্তঃ**<br>শ্রম অধিদপ্তরাধীন দপ্তর সমূহে দাপ্তরিক কার্যক্রম ১০০% ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেলের সহায়তা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | শ্রম অধিদপ্তরাধীন দপ্তর সমূহে দাপ্তরিক কার্যক্রম ১০০% ডি- নথিতে নিষ্পন্ন করার চেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে প্রয়োজনে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেলের সহায়তা গ্রহণ করতে হবে। | **ডি-নথি কার্যক্রম চলমান আছে** |
| ১৩। | বিবিধ<br>ক) শ্রম অধিদপ্তরের অনেক দপ্তরেই নথির শ্রেণী বিন্যাস করা হয়নি। সকল নথির শ্রেণী বিন্যাস করার বিষয়ে আলোচনা হয়।<br>খ) পানি, বিদ্যুৎ, ইন্টারনেটসহ সকল ইউটিলিটি সুবিধা ব্যবহারে সচেতন হওয়া বিষয়ে আলোচনা হয়।<br>গ) ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উহার বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করে হার্ডকপি ও সফটকপি (Word Format, Nikosh Font)- এ establishment.dol@gmail.com)- এ প্রেরণ করতে হবে এ বিষয়ে আলোচনা হয়। | ক) শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের সকল নথির শ্রেণী বিন্যাস করতে হবে ।<br>খ) পানি, বিদ্যুৎ, ইন্টারনেটসহ সকল ইউটিলিটি সুবিধা ব্যবহারে সচেতন হতে হবে।<br>গ) ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উহার বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করে হার্ডকপি ও সফটকপি (Word Format, Nikosh Font)- এ establishment.dol@gmail.com)- এ প্রেরণ করতে হবে। | ক) নথির শ্রেণী বিন্যাশ কার্যক্রম চলমান<br>খ) সচেতনতা অবলম্বন করা হয় এবং সময় মত সকল বিল পরিশোধ করা হয়। |

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
শ্রম অধিদপ্তর, শ্রম ভবন,
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনি,
বিজয় নগর, ঢাকা-১০০০।

(অধীর চন্দ্র বালা)
উপ পরিচাল, আঞ্চলিক শ্রম অধিদপ্তর,সিলেট।
ও
আয়ন ব্যয়ন কর্মকর্তা,
শ্রম কল্যাণ কেন্দ্র,চিকনাগুল, জৈন্তাপুর,সিলেট।